Smittskydds-läkarföreningen

SMITTSKYDDSBLAD – PATIENTINFORMATION

BENGALI – LATENT TUBERKULOS, DÄR BEHANDLING GES

সুপ্ত যক্ষা বা টিবি, রোগীর জন্য তথ্য

যখন প্রতিরোধক চিকিৎসা দেওয়া হয়। সংক্রমক রোগের ডাক্তারদের তথ্য পুস্তিকা

যক্ষা বা টিবি রোগ কিভাবে সংক্রমিত করে ?

ফুসফুসে সংক্রমিত যক্ষা রোগীরা বাড়ীর ভিতরে থাকাকালীন কাশির মাধ্যমে অন্যদের সংক্রমিত করে। কিন্তু শরীরের অন্যান্য অঙ্গ-প্রত্যঙ্গের বা সুপ্ত যক্ষা সংক্রমক নয়। বয়ঃসন্ধিকালের পূর্বে বাচ্চাদের সংক্রমিত হওয়া এক অস্বাভাবিক ঘটনা। একই ঘরে অনেকক্ষণ একসাথে কাটালে সংক্রমণের ঝুঁকি অনেক বেশী থাকে যেমন, একই পরিবারে বসবাস করা।

সুপ্ত যক্ষা বা টিবি কি ?

যক্ষা রোগে সংক্রমিত হলেও সবাই অসুস্হ হয় না। বেশীরভাগ লোকজনের ক্ষেত্রে, শরীরের প্রতিরোধক ক্ষমতা জীবাণু বৃদ্ধির গতিকে রোধ করে দেয়। জীবাণু শরীরের মধ্যে থাকলেও সক্রিয় অবস্হায় থাকে না। এই অবস্হাকে বলা হয় **সুপ্ত যক্ষা ।**

সুপ্ত যক্ষা বা টিবি কোনো রোগ নয়

রক্ত পরীক্ষা (IGRA পরীক্ষা) বা স্কিন টেস্ট (টিউবারকিউলিন টেস্ট) করার পর যাদের বলা হয় যে আপনার সুপ্ত যক্ষা আছে কিন্তু যক্ষা রোগের কোনো লক্ষণ নেই এবং তাঁরা অন্য লোকেদের সংক্রমিত করতে পারেন না।
যদিও, পরবর্তী জীবনে যক্ষা হওয়ার ঝুঁকি থেকেই যায়, কিন্তু সম্ভাবনা খুবই কম।

কিছু কিছু ক্ষেত্রে প্রতিরোধক চিকিৎসা দেওয়া হয়

লোকেদের, যাদের পরবর্তীকালে রোগের লক্ষণ প্রকট হওয়ার সম্ভাবনা থাকে তাঁদের প্রতিষেধক চিকিৎসা অফার করা হয়। প্রাথমিকভাবে, গর্ভাবস্হায় এবং শিশুর জন্মের পরে, বাচ্চাদের এবং কিশোর-কিশোরীদের দেওয়া হয়। এছাড়া যাদের প্রতিরোধক ক্ষমতা কম, উদাহরণস্বরুপ, ক্যান্সারের চিকিৎসার সময়, ইনসুলিন নেওয়া ডায়বেটিস রোগীদের, ভয়ানক কিডনী রোগে প্রতিষেধক চিকিৎসা দেওয়া হয়। আবার যারা সদ্য যক্ষা রোগের সংক্রমণের সংশ্পর্শে এসেছেন তাঁদেরকেও মাঝেমধ্যে প্রতিষেধক চিকিৎসা দেওয়া হয়।

আপনাকে প্রতিষেধক চিকিৎসা দেওয়ার প্রস্তাব দেওয়া হয়েছে

আপনার সুপ্ত যক্ষা বা টিবি আছে এবং আপনার ডাক্তার প্রতিরোধক হিসাবে প্রতিষেধক চিকিৎসার প্রস্তাব করেছেন। ভবিষ্যৎে আপনি যাতে যক্ষা রোগে অসুস্হ না হয়ে পড়েন তার ঝুঁকি কমানোর জন্য প্রস্তাব করেছেন।
ভবিষ্যৎে আপনি যদি দীর্ঘমেয়াদি কাশি (তিন সপ্তাহেরও বেশি সময়), রাত্রে ঘাম হওয়া, জ্বর বা অনৈচ্ছিকভাবে ওজন কমে যাওয়া লক্ষণের শিকার হন, তাহলে যক্ষার পরীক্ষার জন্য আপনাকে ডাক্তারের পরামর্শ নেওয়া উচিত।

যোগাযোগের বিশদ বিবরণ (Kontaktuppgifter)

ক্লিনিকের নাম *(Namn på mottagningen)* ……..…….

আপনি এদের সাথে দেখা করেছেন *(Du har träffat)*

.ডাক্তার *(Läkare)*…….

.নার্স *(Sjuksköterska)* …….

টেলিফোন নম্বর / ক্লিনিকে ফোন করার সময়: *(Telefonnummer/telefontid till mottagningen)*

……..……..…